

## 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৬৮১

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১২৫. বন্দীকে মারধর ও হুমকি দিয়ে তথ্য উদ্ধার করা

بَابٌ فِي الْأُسِيرِ يُنَالُ مِنْهُ وَيُضْرَبُ وَيُقَرَّرُ

## আরবী

حدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، قَالَ حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ ثَابِت، عَنْ أَنسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ نَدَبَ أَصِحْابَهُ فَانْطَلَقُوا إِلَى بَدْرِ، فَإِذَا هُمْ بِرَوَايَا قُرَيْشِ فِيهَا عَبْدٌ أَسُورُ لِبَنِي الْحَجَّاجِ، فَأَخْذَهُ أَصِحْابُ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَعَلُوا يَسْأَلُونَهُ أَيْنَ أَبُو سُفْيَانَ؟ فَيَقُولُ: وَاللَّهِ مَالِي بِشَيْءٍ مِنْ أَمْرِهِ عِلْمٌ، وَلٰكِنْ هَذِهِ قُرَيْشٌ قَدْ جَاءَتْ أَيْنَ أَبُو سُفْيَانَ؟ فَيَقُولُ: وَاللَّهِ مَالِي بِشَيْءٍ مِنْ أَمْرِهِ عِلْمٌ، وَلٰكِنْ هَذِهِ قُرَيْشٌ قَدْ جَاءَتْ فَيهِمْ أَبُو جَهْل، وَعُتْبَةُ، وَشَيْبَةُ ابْنَا رَبِيعَةً، وَأُمَيَّةُ بْنُ خَلْف، فَإِذَا قَالَ لَهُمْ ذَلِكَ صَرَبُوهُ. فَيَهُمْ أَبُو جَهْل، وَعُتْبَةُ، وَشَيْبَةُ ابْنَا رَبِيعَةَ، وَأُمْيَةُ بْنُ خَلْف قَدْ أَقْبَلُوا هَوْ يَسْمَعُ ذَلِكَ، فَلَمَّ انصرَفَ قَالَ: وَالَّذِي نَفْسِي وَالنَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصِلِّي وَهُو يَسْمَعُ ذَلِكَ، فَلَمَّ انصرَفَ قَالَ: وَالَّذِي نَفْسِي وَاللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصِلِّي وَهُو يَسْمَعُ ذَلِكَ، فَلَمَّ انصرَفَ قَالَ: وَالَّذِي نَفْسِي وَاللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصِلِي وَهُو يَسْمَعُ ذَلِكَ، فَلَمَّ انصرَفَ قَالَ: وَالَّذِي نَفْسِي بِيدِهِ مَ لَرُعُ مُنْ عُلُولُ عَدًا وَوضَعَ يَدُهُ عَلَى الْأَرْضِ، وَهَذَا مَصْرَعُ فُلَانٍ عَدًا. وَوضَعَ يَدَهُ عَلَى الْأَرْضِ، وَهَذَا مَصْرَعُ فُلَانٍ عَدًا. وَوضَعَ يَدُهُ عَلَى الْأَرْضِ، وَهَذَا مَصْرَعُ فُلَانٍ غَدًا. وَوضَعَ عَدَهُ عَلَى الْأَرْضِ، وَهَذَا مَصْرَعُ فُلَانٍ غَدًا. وَوضَعَ عَدَهُ عَلَى الْأَرْضِ، وَهَذَا مَصْرَعُ فُلَانٍ غَدًا. وَوضَعَ يَدَهُ عَلَى الْأَرْضِ، وَهَذَا مَصْرَعُ فُلَانٍ عَدًا. وَوضَعَ يَدَهُ عَلَى الْأَرْضِ، وَهَذَا مَصْرَعُ فُلَانٍ غَدًا. وَوضَعَ يَدَهُ عَلَى الْأَرْضِ، وَهَذَا مُصْرَعُ فُلَانٍ عَدًا. وَوضَعَ يَدَهُ مَا جَاوَزَ أَحَدٌ مِنْهُمْ عَنْ مُونُونُ فَالَاهُ عَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ. وَفَرَا اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مُعْ وَلَا مَعْنَا مُونُولُ اللهُ عَلَيْهِ وَسُلَمَ اللهُ عَلَيْهِ وَسَلَمَ اللهُ عَلَيْهِ وَسُلَمَ اللهُ عَلَيْهُ

صحيح

বাংলা



২৬৮১। আনাস (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদেরকে যুদ্ধে অংশ গ্রহণের আহবান জানালেন। তারা বদর অভিমুখে রওয়ানা হলেন। তারা হাজ্জাজ গোত্রের এক কালো কৃতদাসকে কুরাইশদের পানি বহনকারী উটের সঙ্গে পেয়ে গেলেন। সাহাবায়ি কিরাম তাকে ধরে এনে জিজ্ঞাসাবাদ করতে লাগলেন, আবূ সুফিয়ান কোথায় বলো? সে বললো, আল্লাহর শপথ! তার সম্পর্কে আমি কিছুই জানি না, তবে কুরাইশ বাহিনী আসছে, সঙ্গে আবূ জাহল, 'উতবাহ ও শাইবাহ ইবনু রবী'আহ এবং উমাইয়া ইবনু খালাফ রয়েছে।

সে একথা জানালে সাহাবীগণ তাকে মারধর করতে লাগলেন। সে চিৎকার করে বললো, ছাড়ো! ছাড়ো! আমি বলছি! তারা তাকে ছেড়ে দিলে সে বললো, আল্লাহর শপথ! আবৃ সুফিয়ান সম্পর্কে আমার কিছুই জানা নেই। তবে এই কোরাইশ বাহিনী আসছে। তাদের সাথে আবৃ জাহল, রবী'আহর দু' পুত্র 'উতবাহ ও শাইবাহ এবং খালফের পুত্র উমাইয়াহ আছে। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতরত ছিলেন। তিনি কথাগুলো শুনলেন।

সালাত শেষে তিনি বললেনঃ ঐ সত্ত্বার শপথ, যাঁর হাতে আমার প্রাণ! সে যখন তোমাদেরকে সত্য কথা বলেছে, তোমরা তাকে প্রহার করেছো, আর যখন মিথ্যা বলেছে তখন ছেড়ে দিয়েছো। কোরাইশ বাহিনী আবৃ সুফিয়ানের (কাফেলা) রক্ষা করতে এসেছে। আনাস (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এটা আগামীকাল অমুকের নিহত হওয়ার স্থান, এ বলে তিনি যমীনের উপর হাত রাখলেন। এটা আগামীকাল অমুকের নিহত হওয়ার স্থান, এ বলে তিনি নির্দিষ্ট স্থানে তাঁর হাত রাখলেন।

এ হলো আগামীকাল অমুকের নিহত হওয়ার স্থান এবং এ বলে তিনি নির্দিষ্ট স্থানে তাঁর হাত রাখলেন। আনাস (রাঃ) বলেন, সেই সত্ত্বার শপথ, যাঁর হাতে আমার প্রাণ! কাফিরদের কেউই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাত রাখার নির্দিষ্ট স্থান অতিক্রম করেনি (তারা ঐ নির্দিষ্ট স্থানেই নিহত হয়)। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশ মোতাবেক ওদের লাশের পা ধরে টেনে-হিঁচড়ে নিয়ে গিয়ে বদরের একটি অন্ধকার কূপে নিক্ষেপ করা হয়।[1]

## **English**

Anas said "The Apostle of Allaah() called on his Companions and they proceeded towards Badr. Suddenly they found the watering Camels of the Quraish, there was among them a black slave of Banu Al Hajjaj. The Companions of the Apostle of Allaah() seized him and began to ask "Where is Abu Sufyan?" He said "I swear by Allaah, I do not know anything about him, but this is the Quraish who have come here, among them are Abu Jahl, 'Utbah, Shaibah the two sons of Rabi'ah and Umayyah bin Khalaf. When he aid this to them, they beat him and he began to say "Leave me, leave me. I shall tell you. When they left him he said "I know nothing about Abu Sufyan, but this is the Quraish who have come (here), among them are Abu Jahl, 'Utbah, Shaibah the two sons of Rab'iah and Umayyah bin Khalaf who have come here. The Prophet () was praying and hearing all that



(dialogue). When he finished, he said "By Him in Whose hand my soul is, you beat him when he speaks the truth to you and you leave him when he tells a lie. This is the Quraish who have come here to defend Abu Sufyan. Anas said, The Apostle of Allaah() said "This will be the place of falling of so and so tomorrow and he placed his hand on the ground. This will be the place of falling of so and so tomorrow and he put his hand on the ground. And this will be the place of falling of so and so tomorrow and he put his hand on the ground. He (Ansas) said "By Him in Whose hand my soul is, no one fell beyond the place of the hand of the Apostle of Allaah(), The Apostle of Allaah() ordered for them, and they were caught by their feet and dragged and thrown in a well at Badr.

## ফুটনোট

[1]. সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

₱ Link — https://www.hadithbd.com/hadith/link/?id=60049

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন